



## শাহজালাল বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়, সিলেট

স্মারক নং-সাস্ট/পিআর/০৩/

তারিখ: ২৪ অক্টোবর, ২০১৯

### প্রেস বিজ্ঞপ্তি

আজ ২৪ অক্টোবর ২০১৯ তারিখ, শাহজালাল বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় সিলেট-এ সিডিকেট সভাকক্ষে দুপুর তিনটায় শাহজালাল বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় এবং পূবালী ব্যাংক লিমিটেড, পাঠানটুলা শাখার মধ্যে এগ্রিমেন্ট সাইনিং সেরিমনি অনুষ্ঠিত হয়েছে। এতে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন মাননীয় ভাইস চ্যান্সেলর প্রফেসর ফরিদ উদ্দিন আহমেদ।

অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্যে ভাইস চ্যান্সেলর প্রফেসর ফরিদ উদ্দিন আহমেদ বলেন, পূবালী ব্যাংক লিমিটেডের সাথে এ বিশ্ববিদ্যালয়ের সম্পর্ক গভীর। বিশ্ববিদ্যালয়ের সকলের সুবিধার কথা বিবেচনা করে পূবালী ব্যাংকের এটিএম বুথ স্থাপনের সিদ্ধান্ত তারই বহিঃপ্রকাশ।

অনুষ্ঠানে অন্যান্যের মধ্যে উপস্থিত ছিলেন কোষাধ্যক্ষ প্রফেসর ড. মো. আনোয়ারুল ইসলাম, শিক্ষক সমিতির সভাপতি প্রফেসর ড. এস এম সাইফুল ইসলাম, সোশ্যাল সাইন্স ফেকাল্টির ডিন প্রফেসর ড. মো. ফয়সল আহমেদ, এপ্লায়েড সাইন্স ফেকাল্টির ডিন প্রফেসর ড. আবুল মুকিত মোহাম্মদ মোকাদ্দেস, ডিন প্রফেসর ড. মো. সাজেদুল করিম, ব্যবসা প্রশাসন ফেকাল্টির ডিন প্রফেসর ড. মো. মুনিরুল ইসলাম, রেজিস্ট্রার মুহাম্মদ ইশফাকুল হোসেন, হিসাব পরিচালক জনাব আ.ন.ম জয়নাল আবেদীন, প্রধান প্রকৌশলী সৈয়দ হাবিবুর রহমান, শাবি অফিসার্স এসোসিয়েশনের সভাপতি জনাব মুর্শেদ আহমদ, সাধারণ সম্পাদক জনাব সায়েম তালুকদার, পূবালী ব্যাংক লিমিটেডের জেনারেল ম্যানেজার ইরশাদুল হক, আঞ্চলিক প্রধান সুকান্ত চন্দ্র চৌধুরী, আঞ্চলিক প্রধান জিয়াউল হক প্রমুখ।

উল্লেখ্য চুক্তির আওতায় পূবালী ব্যাংক লিমিটেড বিশ্ববিদ্যালয় চত্বরে এটিএম বুথ স্থাপন করবে।